



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ, রংপুর
web:www.ccr.gov.bd
E-mail: carmichaelcollege@gmail.com



নম্বর : ০৩

তারিখঃ

২০/০৭/২২

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) প্রোগ্রামের ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ২০/০৭/২০২২ তারিখ হতে ১১/১০/২০২২ তারিখ পর্যন্ত (www.nu.edu.bd/admissions) এ প্রবেশ করে আবেদন ফরম অনলাইনে পূরণ সাপেক্ষে প্রিন্ট কপি নিতে হবে। আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং “রকট” এর মাধ্যমে জমা দিতে হবে। আবেদন ফরম সকাল ১০.০০ টা থেকে দুপুর ৩.০০ টা পর্যন্ত (শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন ব্যতীত) ভর্তি কমিটির নিকট জমা দেয়ার জন্য বলা হলো।

১। আবেদনের সাধারণ যোগ্যতা

(ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উনুকৃত বিশ্ববিদ্যালয়ের সকল শাখা থেকে ২০১৭/২০১৮/২০১৯ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০১৯/২০২০/২০২১ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের HSC সমমানের কোর্সসমূহ থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল)ii) এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ ১ এর শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

গ) ২০১৭/২০১৮/২০১৯ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে ‘বি’ গ্রেডসহ অন্তত ০৪(চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৯/২০২০/২০২১ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে ‘বি’ গ্রেডসহ অন্তত ০২ (দুই)টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতককর্ষ শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (deanug@nubd.info) আবেদন প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে প্রার্থীর ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, প্রার্থিত কোর্সের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে প্রার্থীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সংযুক্ত করতে হবে।

ঘ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অনুচ্ছেদ ১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতককর্ষ শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (deanug@nubd.info) আবেদন প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে প্রার্থীর ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, প্রার্থিত কোর্সের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে প্রার্থীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সংযুক্ত করতে হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯-২০২০ বা ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস)নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সেই শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।

চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ছ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

আবেদন ফরমের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে:

- ০১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমানের পরীক্ষার মূল নম্বরপত্রের ফটোকপি- ০১ কপি।।
- ০২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ০১ কপি।
- ০৩। আবেদন ফরমে মোবাইল নম্বর অবশ্যই দিতে হবে।

২০.০৭.২২

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর।

কারমাইকেল কলেজ
রংপুর।

নম্বর :

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো:

- ০১। উপাধ্যক্ষ, কারমাইকেল কলেজ, রংপুর।
- ০২। আহবায়ক, ২০২১-২০২২ শিক্ষাবর্ষ ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত প্রোগ্রাম ভর্তি কমিটি, এই কলেজ।
- ০৩। অফিস কপি।

২০.০৭.২২

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর।

কারমাইকেল কলেজ
রংপুর।

২০/০৭/২২

আবেদন ফি জমাদান পদ্ধতি :

Biller ID: 360

Bill number: Admission Roll (#)

- ১) লগইন (Login) করতে হবে।
 - ২) বিল-পে (Bill Pay)-সিলেক্ট করতে হবে
 - ৩) বিলার আইডি (Biller ID) এর স্থানে 360 টাইপ করতে হবে (এটি Principal Carmichael College Rangpur এর আইডি)।
 - ৪) বিল নাম্বার (Bill Number) এর স্থানে অবশ্যই আবেদনকারীর Admission Roll সাবধানতার সাথে টাইপ করতে হবে, কোন ক্রমেই ভুল করা যাবে না।
 - ৫) আবেদনকারীর নিজের মোবাইল হলে Self / অন্যের মোবাইল হলে Others সিলেক্ট করতে হবে এবং মোবাইল নাম্বরের স্থানে আবেদনকারীর নিজস্ব/অভিভাবকের সচল মোবাইল নম্বর দিতে হবে। (এই মোবাইল নম্বরে কলেজ কর্তৃপক্ষ প্রয়োজনে যোগাযোগ করবেন।)
 - ৬) টাকার পরিমাণ অবশ্যই ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হতে হবে।
 - ৭) সবশেষে বিল Submit করে PIN দিয়ে বিল প্রদান সম্পন্ন করতে হবে।
- বি.দ্র. ফি প্রদান সম্পন্ন হলে মোবাইলে Txn ID সম্বলিত একটি SMS আসবে। উক্ত Txn ID টি ডাউনলোডকৃত আবেদন ফরমের উপরের অংশে লিখতে হবে। (বিষয়টি অতীব জরুরী)।